

# যুগান্তর

প্রিন্ট: ০৬ আগস্ট ২০২৫, ১২:৩৯ পিএম

শিক্ষাঙ্গন

## শিক্ষার্থীদের তোপে স্বাধীনতাবিরোধীদের ছবি সরাল টাবি প্রশাসন



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৫ আগস্ট ২০২৫, ১১:০৬ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'স্বৈরাচার পতন দিবসে' স্বাধীনতাবিরোধীদের স্মরণ করে তাদের ছবি সংবলিত ব্যানার তৈরি করে বাংলাদেশ ইসলামি ছাত্র শিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা।

কর্মসূচিতে শান্তিপ্ৰাপ্ত স্বাধীনতাবিরোধীদের ছবিকে কেন্দ্র করে শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে সেগুলো সরিয়ে নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল টিম।

মঙ্গলবার (৫ আগস্ট) ঢাবির সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম উপস্থিত থেকে স্বাধীনতাবিরোধীদের ছবিগুলো খুলে প্রক্টর অফিসে নিয়ে যান।

বিক্ষোভের এক পর্যায়ে সহকারী প্রক্টর এসে ছাত্রশিবিরের নেতাদের সাথে যোগাযোগ করে ছবিগুলো খুলে নিয়ে যান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ের একাংশের ছেলেমেয়েরা একটি অভিযোগ এনেছে। আমরা শিবিরের ছেলেদের ডেকে সেগুলো সরিয়ে ফেলেছি। তারা আমাদের সহযোগিতা করেছে।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ বলেন, আমরা জানতাম না তারা এটা করবে। বিষয়টি আমাদের নজরে আনার সাথে সাথে আমি শিবিরের সাথে যোগাযোগ করেছি, সহকারী প্রক্টরকে পাঠিয়েছি।